

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৬  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

নং-১০.০০.০০০০.১৩০.২৭.০০১.২২-২২

তারিখ : ১০ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ  
২৪ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু নরসিংদী জেলার সদর সাব-রেজিস্ট্রার জনাব নীহার রঞ্জন বিশ্বাস এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩ (ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগে বিভাগীয় মামলা নং ০১/২০২২ রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ গুরুতর;

যেহেতু, আনীত অভিযোগসমূহ পূর্ণাঙ্গ তদন্তের স্বার্থে তাকে বিভাগীয় মামলা চলাকালীন কর্মে বহাল রাখা সমীচীন হবে না ;

সেহেতু, সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী নরসিংদী জেলার সদর সাব-রেজিস্ট্রার জনাব নীহার রঞ্জন বিশ্বাস-কে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িকভাবে বরখাস্ত থাকাকালীন তিনি মহা-পরিদর্শক, নিবন্ধন এর কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি মোতাবেক খোরাকি ভাতা ও অন্যান্য ভাতা প্রাপ্ত হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
২৪/০১/২০২২

(মোঃ গোলাম সারওয়ার)


সচিব

নং-১০.০০.০০০০.১৩০.২৭.০০১.২২-২২

তারিখ : ২৪-০১-২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৪। উপ-পরিচালক, ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (উল্লিখিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। জেলা রেজিস্ট্রার, নরসিংদী।
- ০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। জেলা একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার, নরসিংদী।
- ০৮। জনাব নীহার রঞ্জন বিশ্বাস, সাব-রেজিস্ট্রার, সদর, নরসিংদী (সাময়িক বরখাস্তকৃত)।
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল।

  
২৪/০১/২০২২

(আবু সালেহ্ মোঃ সালাউদ্দিন খাঁ)

উপ-সচিব (রেজিস্ট্রেশন)

ফোন : ২২৩৩৫৪১৪৩